# সুনান আন-নাসায়ী (তাহক্বীককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৭

পর্ব-১: ত্বহারাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০৮: আদেশ অনুযায়ী যে ব্যক্তি উযূ করে তার সাওয়াব

## ثَوَابُ مَنْ تَوَضَّأَ كَمَا أُمِرَ

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ مَنْصُورٍ، قال: حَدَّثَنَا آدَمُ بْنُ أَبِي إِيَاسٍ، قال: حَدَّثَنَا اللَّيْثُ هُوَ ابْنُ سَعْدٍ، قال: حَدَّثَنَا مُعَاوِيَةُ بْنُ صَالِحٍ، قال: أَخْبَرَنِي أَبُو يَحْيَى سُلَيْمُ بْنُ عَامِرٍ، وَضَمْرَةُ بْنُ حَبِيبٍ، وَأَبُو طَلْحَةَ نُعَيْمُ بْنُ زِيَادٍ، قَالُوا: سَمِعْنَا أَبَا أُمَامَةَ الْبَاهِلِيَّ، يَقُولُ: سَمِعْتُ عَمْرَو بْنَ عَبَسَةَ، يَقُولُ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ، كَيْفَ الْوُضُوءُ ؟ قَالَ: أَمَّا الْوُضُوءُ، فَإِنَّكَ إِذَا تَوَضَّأْتَ فَغَسَلْتَ كَفَّيْكَ فَأَنْقَيْتَهُمَا خَرَجَتْ خَطَايَاكَ مِنْ بَيْنِ أَظْفَارِكَ وَأَنَامِلِكَ، فَإِذَا مَضْمَضْتَ وَاسْتَنْشَقْتَ مَنْخِرَيْكَ وَغَسَلْتَ وَجْهَكَ وَيَدَيْكَ إِلَى الْمِرْفَقَيْنِ وَمَسَحْتَ رَأْسَكَ وَغَسَلْتَ رِجْلَيْكَ إِلَى الْكَعْبَيْنِ، اغْتَسَلْتَ مِنْ عَامَّةِ خَطَايَاكَ، فَإِنْ أَنْتَ وَضَعْتَ وَجْهَكَ لِلَّهِ عَزَّ وَجَلَّ خَرَجْتَ مِنْ خَطَايَاكَ كَيَوْمَ وَلَدَتْكَ أُمُّكَ . قَالَ أَبُو أُمَامَةَ: فَقُلْتُ: يَا عَمْرَو بْنَ عَبَسَةَ، انْظُرْ مَا تَقُولُ، أَكُلُّ هَذَا يُعْطَى فِي مَجْلِسٍ وَاحِدٍ ؟ فَقَالَ: أَمَا وَاللَّهِ لَقَدْ كَبِرَتْ سِنِّي وَدَنَا أَجَلِي وَمَا بِي مِنْ فَقْرٍ فَأَكْذِبَ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَقَدْ سَمِعَتْهُ أُذُنَايَ وَوَعَاهُ قَلْبِي مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ.

تخريج دارالدعوه: تفرد به النسائى، (تحفة الأشراف: ١٠٧٦٠)، وقد أخرجه: صحيح مسلم/مسافرين ٥٢ (٨٣٢)، مسند احمد ٤/١١٢، كلاهما مطولاً لغير ہذا السياق (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 147 ـ صحيح

বাংলা

১৪৭. ’আমর ইবনু মানসূর (রহ.) ..... মু’আবিয়াহ্ ইবনু সালিহ (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আবূ ইয়াহইয়া, সুলায়ম ইবনু ’আমির, যামরাহ্ ইবনু হাবীব এবং আবূ ত্বলহাহ্ নু’আয়ম ইবনু যিয়াদ (রহ.) আমাকে বলেছেন যে, আমরা আবূ উমামাহ্ আল বাহিলী (রাঃ)-কে বলতে শুনেছি, তিনি বলেন, আমি আমর ইবনু আবাসাহ্ (রাঃ)-কে বলতে শুনেছি; তিনি বলেন, আমি বললাম, হে আল্লাহর রসূল! উযূ কিভাবে করতে হয়? তিনি বললেন, উযূ! তুমি যখন উযূ কর এবং তোমার হস্ত তালুদ্বয় ধৌত কর এবং পরিষ্কার করে ধৌত কর তখন তোমার পাপসমূহ তোমার নখের ভেতর হতে এবং তোমার অঙ্গুলির অগ্রভাগ হতে বের হয়ে যায়। আর যখন তুমি কুলি ও নাকের ভেতরকার অংশ ধৌত কর এবং তোমার চেহারা ধৌত কর ও কনুই পর্যন্ত হাত ধৌত কর এবং মাথা মাসাহ কর ও টাখনু পর্যন্ত পা ধৌত কর, তখন তুমি তোমার সাধারণ পাপসমূহ যেন ধুয়ে ফেললে। আর যখন তুমি তোমার চেহারা আল্লাহ তা’আলার জন্যে স্থাপন কর, তখন তুমি পাপ হতে ঐ দিনের মতো মুক্ত হয়ে যাও, যেদিন তোমার জননী তোমাকে জন্ম দিয়েছিল। আবূ উমামাহ্ বলেন, আমি বললাম, হে ’আমর ইবনু ’আবাসাহ্! দেখ তুমি কি বলছ! একই মাজলিসে কি এসব কিছু দান করা হয়? তিনি বললেন, আল্লাহর কসম। আমি বৃদ্ধাবস্থায় পৌছেছি আর আমার মৃত্যু নিকটবর্তী। এমতাবস্থায় আমার কোন অভাবও নেই যে, আমি রাসূলুল্লাহ (সা.) -এর সম্পর্কে মিথ্যা বলবো। রাসূলুল্লাহ (সা.) থেকে আমার দু কান তা শ্রবণ করেছে আর আমার অন্তর তা মনে রেখেছে।

## English

108. The Reward For The One Who Performs Wudu' As Commanded

Amr bin 'Abasah said: I said: 'O Messenger of Allah! How is Wudu' done?' He said: 'As for Wudu', when you perform Wudu', and you wash your hands to clean them, your sins come out from between your fingers and fingertips. When you rinse your mouth and nostrils, and wash your face and hands up to the elbows, and wipe your head, and wash your feet up to the ankles, you are cleansed of all your sins. When you prostrate your face to Allah, may He be exalted, you emerge from your sins like the day your mother bore you.' Abu Umamah said: I said: 'O 'Amr bin 'Abasah! Look at what you are saying! Was all of that given in one sitting? He said: 'By Allah, I have grown old, my appointed time is near and I am not so poor that I should tell lies about the Messenger of Allah (ﷺ). I heard it with my own ears and understood it in my heart from the Messenger of Allah.'

## ফুটনোট

সহীহ: তিরমিযী ৩৫৭৯, সহীহ ইবনু খুযায়মাহ ১১৪৭, তা'লীকুর রাগীব (১/৯৬)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আমর ইবন আবাসা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86418

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন